As on 31 December 2010, the Bank's capital adequacy ratio stood at 28.08 % (core capital 15.93% and supplementary capital 12.15%) as against 9 % of total Risk Weighted Assets set by Bangladesh Bank under Basel-II, which indicates Bank's strong capital base.

## 25. TOTAL ASSETS

The total consolidated assets of the Bank stood at Tk. 2751.88 crore as on 31st December 2010, as against TK. 1678.17 crore at the end of 2009, showing a growth of 64 % over the previous year. The increase in asset value was mainly due to increase in cash and bank balances and also revaluation of fixed assets during the year. Board has decided to develop Bank's real estates in Mirpur and Uttara in Dhaka, lands in Chittagong, Khulna and Rajshahi with the help of the professional consultants that will further add to the fixed assets value.

## 26. INVESTMENT

BDBL's investment increased by Tk. 9.47 crore in 2010 and stood at Tk. 158.84 crore on 31st December, 2010. The Bank invested mainly in Government securities, shares, debentures and also in bonds.

## 27. LIABILITIES

The year-end consolidated liabilities (excluding paid up capital / shareholder's equity) of the Bank stood at TK. 1188.15 crore in 2010, registering an increase by TK. 153.85 crore over the year 2009 in absolute terms. The increase in liability was mainly due to growth in deposits and also because of higher provision for income tax, larger contribution to pension fund and others.

## 28. SHAREHOLDERS' FUND

Consolidated shareholders' fund in the form of equity stood at TK. 1563.72 crore in the year 2010, the break up of which is as follows :

(Tk. in Crore)	
Paid-up Capital	400.00
Quasi Equity	13.47
Statutory Reserve	104.57
General Reserve	95.00
Revaluation Reserve	860.42
Other Reserve	86.59
Retained Earnings	3.67
Total :	1563.72

## 29. LOAN CLASSIFICATION AND PROVISION FOR CLASSIFIED LOAN

In accordance with Bangladesh Bank's policy, classification of a loan is made on the basis of its quality, performance and risk involved in its recovery. A provision has to be made against this loan on a particular date for protecting the interest of shareholders and depositors. Accordingly, the required provision for loans and advances for 2010 was Tk. 140.51 crore but the Bank made an actual provision of TK. 168.60 crore, thus having an excess of Tk. 28.09 crore. The Bank Management is endeavoring to minimize the classified loans by way of cash recovery and regularization through rescheduling and liquidation.

### **30. APPOINTMENT OF AUDITORS**

In terms of Article 157 of the Articles of Association, the Company at each Annual General Meeting shall appoint an Auditor or Auditors who will be a Chartered Accountant or Accountants to hold office until the next Annual General Meeting. Messers ACNABIN and Hoda Vasi Chowdhury & Co., Chartered Accountants have audited the Bank's first year's accounts and will retire at the conclusion of the first Annual General Meeting. They, being eligible, have offered themselves for re-appointment.

### **31. OPERATING PROFIT**

BDBL earned an operating profit of Tk. 82.48 crore in 2010 after charging Tk. 25 crore as past liability as retirement benefit for employees of the former Bangladesh Shilpa Bank. If this amount were not required to be accounted for in the accounts, the operating profit would have been Tk. 107.48 crore. It is noteworthy here, the former BSB and BSRS combinedly had never earned this much operating profit in a particular year.

### **32. DIVIDENDS**

In light of the proposed appropriation of profit for the year 2010, the Bank's Board of Directors have been pleased to recommend Tk. 5.00 crore as dividend to be paid to the Government subject to the approval in the forthcoming Annual General Meeting of the Shareholders. It is especially worthwhile to mention here that compared to the dividends the erstwhile BSB and BSRS combinedly paid to the Government for a particular year, this will be the highest ever dividend to be paid by the Bank.

### **33. OUTLOOK 2011**

In 2011, the Bank will continue to strengthen its growth and brand image by expanding new business activities, particularly in the area of Trade Finance, Import and Export Business, Foreign Remittance, Retail Banking, SME and Agro-based industries mainly. For major manufacturing, infrastructural and utility projects, the Bank will prefer syndicated financing. Finally, the Bank will remain committed to reduce non-performing loans and improve recovery from written-off loans.

In regards to liability management, the Bank will remain focused on raising its core customer deposits by improving its deposit product-mix. In order to enhance its delivery standards, the Bank will pursue greater cost efficiency and staff productivity by promoting proactive business practices.


In order to support sustainable long-term growth and profitability and for the benefit of all stakeholders, the Bank will continue to adhere to good corporate governance practices, sound risk management policies and prudent credit policies and practices. The Bank confidently looks forward to greater success in delivering shareholders' value in 2011.

## 34. ACKNOWLEDGEMENT

The Board extends thanks to the valued customers, entrepreneurs, and others for their continued support and cooperation. The Board also places on record its appreciation for the Senior Management Team, all executives and employees for their dedicated services.

In particular, the Board offers grateful thanks for the guidance and generous co-operation received from the Government of Bangladesh and Bangladesh Bank. The Securities and Exchange Commission, Registrar of Joint Stock Companies and Firms, Dhaka Stock Exchange Limited and Chittagong Stock Exchange Limited deserve our gratitude for their valuable support and assistance enabling the Bank to undertake new measures and initiatives during its first critical year of inception. Finally, the Board thanks the respected shareholders who at present are all government representatives and assure them of its commitment to develop the bank as a modern, dynamic and forward-looking financial institution.

On behalf of the Board of Directors



Nazem Ahmad Choudhury  
Chairman

## পরিচালক মন্ডলীর প্রতিবেদন : ২০১১

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) -এর প্রথম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষ থেকে শেয়ার হোল্ডার ও তাঁদের প্রতিনিধিদেরকে আন্তরিক স্বাগত জানাচ্ছি। ডিসেম্বর, ২০০৯ -এ সরকারের সাথে দুটি ভেভর্স এগ্রিমেন্ট সম্পাদনের পর বাংলাদেশ শিল্প ব্যাংক (বিএসবি) ও বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস) নামীয় বিধিবদ্ধ প্রতিষ্ঠান দুটির সকল সম্পত্তি, সুযোগ-সুবিধা, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, বিশেষ সুবিধা, দায়, কর্মকর্তা-কর্মচারী, ঋণ গ্রহীতা ও অন্যান্য যাবতীয় আইনগত বাধ্যবাধকতাসহ প্রতিষ্ঠান দুটির সকল কর্মভার ও ব্যবসা অধিগ্রহণপূর্বক বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড নামে একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসাবে প্রতিষ্ঠিত হয়ে ইতিপূর্বের ব্যাংকের ন্যায় একই ধরনের কার্যক্রম পরিচালনার দায়িত্বভার গ্রহণ করে। একই সাথে এই নতুন ব্যাংক বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার আইনগত অনুমতি লাভ করে।

২০১০ সালে ব্যাংকের ব্যবসা পরিচালনা ও আর্থিক অগ্রগতি সম্পর্কিত বিষয়াদি বর্ণনার পূর্বে সমসাময়িক বিশ্ব অর্থনৈতিক অবস্থাসহ বাংলাদেশের অর্থনীতি সম্পর্কে সংক্ষিপ্ত আলোকপাত করা প্রয়োজন বলে মনে করছি। এছাড়া, প্রথম বছরে পরিচালনা কার্যক্রমে ব্যাংক যেসব প্রাথমিক সমস্যা ও চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে, সে বিষয়েও নাতিদীর্ঘ আলোকপাত করা প্রাসঙ্গিক বলে মনে করছি।

বিডিবিএল যখন প্রতিষ্ঠা লাভ করে, সে সময়ে বিশ্ব অর্থনীতিতে মন্দাভাব বিরাজ করছিল, যা ১৯৩০ সালের মন্দার চেয়ে ভয়াবহ ছিল। বাংলাদেশের অর্থনীতিতেও এর প্রভাব ছিল। যা হোক, এই চ্যালেঞ্জিং অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে বিডিবিএল পরিচালনা পর্ষদ বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করে এবং সদ্য গঠিত প্রতিষ্ঠানটিকে গতিশীল ও সম্ভাবনাময় ব্যাংক হিসাবে গড়ে তোলার জন্য দিক-নির্দেশনা ও কৌশল নির্ধারণ করে।

২০১০ সাল বিডিবিএল এর জন্য অপরিহার্যভাবে প্রতিষ্ঠানটি সুদৃঢ় করা সংক্রান্ত কাজ সমন্বয়ের প্রচেষ্টা গ্রহণের সময়। পর্ষদ কর্তৃক তাৎক্ষণিক কতিপয় ব্যবস্থা গ্রহণ ব্যতীত উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত মন্দ ঋণ ও অবলোপনকৃত প্রকল্প নিয়ে ব্যবসা পরিচালনা করা ছিল খুবই দুরূহ বিষয়। তাই স্বাভাবিকভাবেই নতুন চ্যালেঞ্জ মোকাবেলা ও প্রয়োজনের পরিপ্রেক্ষিতে ব্যাংকের জন্য গ্রহণযোগ্য কিছু নতুন নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন করা হয়। পর্ষদ কর্তৃক এসব পূর্ব নির্ধারিত কাজে ব্যস্ত থাকা অবস্থায় ব্যাংক ব্যবস্থাপনাকে ব্যাংকের স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম চালিয়ে যেতে হয়েছে এবং পাশাপাশি বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য তৈরী হতে হয়েছে। ফলে নতুন প্রকল্পে অর্থায়ন, অতীত বকেয়া আদায়, বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা ইত্যাদি বিষয়ে প্রথম বছরে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়নি।

### ১। ২০১০ সালে বিশ্ব অর্থনীতি

২০১০ সাল ছিল বিশ্ব অর্থনীতি ঘুরে দাঁড়ানোর বছর। এ সময় বিশ্বের জিডিপি প্রবৃদ্ধির হার ছিল ৫%, উন্নত দেশের এই প্রবৃদ্ধির হার ছিল ৩% এবং অর্থনীতিতে উদীয়মান ও উন্নয়নশীল দেশের প্রবৃদ্ধির হার ছিল ৭.৩%। অর্থনৈতিক দিক থেকে উদীয়মান ও উন্নয়নশীল দেশগুলোর মধ্যে চীন অর্জন করেছে ১০% প্রবৃদ্ধি এবং এশিয়ার অবশিষ্ট উন্নয়নশীল দেশগুলো সামগ্রিকভাবে অর্জন করেছে ৯.৪% প্রবৃদ্ধি। বিশ্ব বাণিজ্যে (পণ্য ও সেবা) উন্নত দেশের অর্থনীতিকে উদীয়মান ও উন্নয়নশীল দেশ পিছনে ফেলেছে এবং এ ক্ষেত্রে নেতৃত্ব রয়েছে উন্নয়নশীল এশিয়া ও চীন।

## ২। ২০১১ সালে বিশ্ব অর্থনীতি প্রবৃদ্ধির সম্ভাবনা

আই এম এফ (IMF) -এর প্রাক্কলন অনুযায়ী অধিকাংশ উন্নত দেশের অর্থনৈতিক দুর্বলতার কারণে বিশ্ব অর্থনৈতিক স্থিতিশীলতায় ঝুঁকি থাকলেও আগামী বছরগুলোতে অর্থনীতি ঘুরে দাঁড়ানোর অবস্থা অব্যাহত থাকবে। ২০১০ সালে যুক্তরাষ্ট্রের অর্থনীতিতে প্রবৃদ্ধির হার ২.৬% -এর স্থলে ২০১১ সালে হ্রাস পেয়ে ২.৩% -এ দাঁড়াতে পারে। ইউরোপ এবং জাপানের অর্থনীতির সম্ভাবনাও ক্ষীণ। ২০১১ সালে ইউরো অঞ্চলের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ১.৩% যা মূলতঃ স্থির অবস্থায় থাকবে। গ্রীস, আয়ারল্যান্ড, পর্তুগালের রাজস্ব নীতিতে কাট-কর্তন ও অধিক বেকারত্বের কারণে এসব দেশেও প্রবৃদ্ধির হার হ্রাস হওয়ার সাক্ষ্য বহন করছে। চলমান মুদ্রা সংকোচন অবস্থা মোকাবেলা ও সরকারী ঋণ বৃদ্ধির কারণে ২০১১ সালে জাপানে স্বল্প পরিমাণ অর্থাৎ ১.৫% প্রবৃদ্ধি প্রত্যাশা করা হচ্ছে। এছাড়া, সাম্প্রতিক ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ জাপানের প্রবৃদ্ধির সম্ভাবনাকে আরো বাধাগ্রস্ত করতে পারে।

## ৩। ২০১০ সালে বাংলাদেশের অর্থনীতি

বিশ্ব অর্থনৈতিক জীর্ণাবস্থা, বিদ্যুৎ ও গ্যাস শক্তির ব্যাপক ঘাটতি এবং দুর্বল অবকাঠামো সত্ত্বেও বছরব্যাপী দেশের অর্থনীতিতে মুদ্রা ও পুঁজি বাজারে কিছু উত্থান-পতন ছাড়া অধিকাংশ অর্থনৈতিক নিয়ামকের গতি ছিল ইতিবাচক। ২০০৯ আর্থিক বছরের ৫.৭% প্রবৃদ্ধির বিপরীতে বাংলাদেশের অর্থনীতি ২০১০ আর্থিক বছরে ৫.৮% প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়েছে।

২০০৯ অর্থ বছরে কৃষিখাতের প্রবৃদ্ধি ৪.১% -এর স্থলে ২০১০ অর্থ বছরে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে ৪.৭%। শিল্প খাতে অর্জিত প্রবৃদ্ধি ৬%, যা ২০০৯ অর্থ বছরে ছিল ৬.৫%। সেবা খাতে প্রবৃদ্ধির হার ২০০৯ অর্থ বছরের ৬.৩% -এর তুলনায় সামান্য বৃদ্ধি পেয়ে ২০১০ সালে ৬.৪% -এ উন্নীত হয়েছে। ২০১০ অর্থ বছরে শিল্প পণ্যের যে প্রবৃদ্ধি হয়েছে, তার অধিকাংশ অভ্যন্তরীণ চাহিদা দ্বারা প্রভাবিত। বৈদেশিক চাহিদা হ্রাসের কারণে রপ্তানী প্রবৃদ্ধি ২০০৯ অর্থ বছরের ১০.৩% -এর স্থলে ২০১০ অর্থ বছরে অর্জিত হয়েছে ৪.১%। শিল্পখাতের এই নিম্নগতির প্রবৃদ্ধির একটি কারণ বৈদেশিক চাহিদা হ্রাস। এছাড়া, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহে অস্বাভাবিক ঘাটতি শিল্পখাতের প্রবৃদ্ধি নিম্নগামী করেছে। বিদ্যুৎ ও গ্যাসের ক্ষেত্রে এই প্রতিকূল অবস্থায় উৎপাদন খাতে নতুন বিনিয়োগ মন্থর হয়েছে। বিদেশে অবস্থানরত বাংলাদেশীদের অর্থ প্রেরণ ২০০৯ অর্থ বছরের ২২.৪% এর স্থলে ২০১০ অর্থ বছরে হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ১৩.৪%। যা হোক, বিদেশে অবস্থানরত বাংলাদেশীদের অর্থ প্রেরণে দুই অংকের প্রবৃদ্ধি এবং নিম্নতর আমদানীর (৫.৫% প্রবৃদ্ধি) কারণে দেশের অর্থ বাজারে তারল্য অবস্থা সাবলীল রয়েছে।

## ৪। ২০১১ সালে প্রবৃদ্ধির সম্ভাবনা

সরকার ২০১১ সালের জন্য জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে ৬.৭%। যদি বিরাজমান অর্থনৈতিক কর্মকাণ্ড অব্যাহত থাকে, তাহলে এই লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হবে না। বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতির বিদ্যমান অবস্থানের কারণে এ খাতে আরো আর্থিক বিষয় অন্তর্ভুক্ত হওয়ার বিষয়টি প্রতিশ্রুত, যা অর্থনৈতিক কর্মকাণ্ডের প্রবৃদ্ধিতে গতিশীলতা আনয়ন করবে।

## ৫। ব্যাংক কর্মধারার অগ্রগতির সার-সংক্ষেপ

একটি উন্নয়ন অর্থায়নী প্রতিষ্ঠান হিসাবে বিডিবিএল প্রাথমিকভাবে শিল্পখাতে অর্থায়নে প্রতিশ্রুতিবদ্ধ। বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবসা ও আন্তর্জাতিক ব্যবসায় অর্থায়নসহ বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্যও এই ব্যাংক অনুমতি লাভ করেছে। ডিএসই এবং সিএসই -এর সদস্য হিসাবে এ ব্যাংক মূলধন বাজারেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, নতুন প্রতিষ্ঠান হিসাবে এর কার্যক্রম সুদৃঢ়করণ সংক্রান্ত কাজে নিয়োজিত থাকা এবং তহবিল স্বল্পতার কারণে বিডিবিএল ২০১০ সালে মেয়াদী ঋণ প্রদানে খুব সক্রিয় হতে পারেনি। প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষিত জনবল ও সহায়ক সুবিধার অভাব বিশেষ করে আইটি ক্ষেত্রে প্রয়োজনীয় সুবিধা না থাকায় পূর্ণ অবয়বে বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম চালু করা সম্ভব হয়নি। তবে, ডিএসই ও সিএসই -এর সদস্য হিসাবে ঢাকায় দুটি ব্রোকারেজ হাউস এবং বিদ্যমান বিএসআরএস মিউচুয়াল ফান্ডসহ ব্যাংকটি পূর্জি বাজারে সক্রিয় রয়েছে।

প্রতিষ্ঠান পুনর্গঠন ও সমন্বয় সংক্রান্ত কাজের মধ্যে অডিট কমিটি গঠন, এক্সিকিউটিভ কমিটি গঠন, চাকুরী বিধি প্রণয়ন, ব্যাংকের ৫ বছর মেয়াদী স্ট্র্যাটজিক ব্যবসা পরিকল্পনা, লেন্ডিং পলিসি ও প্রসিডিউর এবং রিটেল ব্যাংকিং পলিসি প্রণয়ন ইত্যাদি উল্লেখযোগ্য। এছাড়া, ব্যাংকের বাণিজ্যিক ব্যাংকিং কার্যক্রম, বৈদেশিক বাণিজ্য কার্যক্রম ও আই টি কার্যক্রম জোরদার করার লক্ষ্যে প্রত্যেক ক্ষেত্রে ১ জন করে মোট ৩ জন কনসালট্যান্ট নিয়োগের সিদ্ধান্ত নেয়া হয়েছে। ২০১০ সালের শেষের দিকে তাঁদের নিয়োগ প্রক্রিয়া শুরু করা হয়েছে।

## ৬। ব্রাঞ্চ নেটওয়ার্ক

এই ব্যাংক ২০১০ -এর ৩, জানুয়ারী তারিখে ১৭টি ব্রাঞ্চ, ৪টি জোন ও হেড অফিসে ২১টি ডিপার্টমেন্ট নিয়ে কর্মকান্ড শুরু করে। ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট ও ইন্টারন্যাশনাল ব্যাংকিং ডিপার্টমেন্ট নামে আরো ২টি নতুন ডিপার্টমেন্ট ইতোমধ্যে সংযুক্ত হয়েছে। দেশের বিভিন্ন বাণিজ্যিক ও ভৌগলিক গুরুত্বপূর্ণ স্থানে ক্রমান্বয়ে আরো ১০টি ব্রাঞ্চ খোলার পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে, ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামের খাতুনগঞ্জে ৩টি ব্রাঞ্চ খোলার বিষয়ে কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি পাওয়া গিয়েছে এবং প্রস্তাবিত ৩টি ব্রাঞ্চ খোলার কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ঢাকা, নারায়ণগঞ্জ ও খাতুনগঞ্জে ব্রাঞ্চ খোলার জন্য স্থান নির্বাচন করা হয়েছে। যথাক্রমে সেপ্টেম্বর এবং অক্টোবর, ২০১১ -এর মধ্যে ব্রাঞ্চ তিনটির উদ্বোধন করা হতে পারে।

## ৭। মানব সম্পদ (এইচ আর)

ব্যাংক গত বছর সাময়িক অর্গানোগ্রাম অনুমোদন করেছে। বিদ্যমান লোকবল ৭৫৭ এর বিপরীতে নতুন অর্গানোগ্রামে ৯৭৫ জন লোকবল রাখা হয়েছে। এটি বলার অপেক্ষা রাখে না যে, একটি প্রতিষ্ঠানের বিশেষ করে, ব্যাংকের সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ হচ্ছে মানব সম্পদ। এ বিষয় বিবেচনায় রেখে ২০১১ সালে বিভিন্ন গ্রেডে ১৫০ জন জনবল (আইটি সিনিয়র অফিসার ২৫ জন, বাণিজ্যিক ব্যাংকিং -এর জন্য সিনিয়র অফিসার ১০০ জন ও ২৫ জন ক্যাশ অফিসার) নিয়োগের কৌশল গ্রহণ করা হয়েছে।

## ৮। মানব সম্পদ প্রশিক্ষণ

ব্যাংকের মানব সম্পদ প্রশিক্ষণের জন্য ব্যাংকে একটি পৃথক ট্রেনিং ডিপার্টমেন্ট রয়েছে যা শীঘ্রই ট্রেনিং ইনস্টিটিউট-এ রূপান্তর করা হচ্ছে। এছাড়া, বাইরের ট্রেনিং ইনস্টিটিউটেও প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। ২০১০ সালে নিম্নে বর্ণিত উল্লেখযোগ্য সংখ্যক চাহিদা-ভিত্তিক ট্রেনিং প্রোগ্রাম হাতে নেয়া হয় এবং সে অনুযায়ী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে :

ক্রমিক নং	বিষয়	প্রশিক্ষণার্থী সংখ্যা	প্রশিক্ষণ ইনস্টিটিউট
(ক)	এলিমেন্টারী ইংলিশ ল্যাংগুয়েজ কোর্স	১২০	দি ব্রিটিশ কাউন্সিল
(খ)	কমার্শিয়াল ব্যাংকিং	৮৯	বি আই বি এম এবং ডি বি আই টি
(গ)	কম্পিউটার কোর্স	৪০	বি আই বি এম
(ঘ)	ফরেন এক্সচেঞ্জ ও ইন্টারন্যাশনাল ট্রেড ফিন্যান্সিং (অন-দি-জব)	২০	জনতা ও সোনালী ব্যাংক লিঃ
(ঙ)	রিস্ক ম্যানেজমেন্ট এন্ড কর্পোরেট এ্যাফেয়ার্স ম্যানেজমেন্ট	৬৯	বি আই বি এম
(চ)	ডিফারেন্ট শর্ট কোর্স রিলেটিং টু ব্যাংকিং এ্যাফেয়ার্স	৭০	বি আই বি এম, বি বি ট্রেনিং ইনস্টিটিউট, প্লানিং একাডেমী
(ছ)	বাসেল-II	৪০	ইন হাউজ ট্রেনিং ইনস্টিটিউট

ব্যাংকে নতুন নিয়োগকৃতদের সাথে সাথে বিদ্যমান কর্মীদের দক্ষতা ও কুশলতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।

## ৯। আমানত

কমার্শিয়াল ব্যাংকিং কার্যক্রমের জন্য আমানত সংগ্রহকে তহবিলের মূল উৎস হিসাবে বিবেচনা করা হয়েছে। ২০০৯ সাল শেষে ব্যাংকে আমানতের স্থিতি ছিল প্রায় ১৪৩.০০ কোটি টাকা, ২০১০ সালে তা ১২৮% বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৩২৫.৪০ কোটি টাকা। ব্যাংকের ব্রাঞ্চসমূহের নিরলস প্রচেষ্টার কারণে এটা সম্ভব হয়েছে। উক্ত মোট আমানতের মধ্যে সুদবিহীন এবং স্বল্প সুদের আমানতের অংক ৫৫% এবং অবশিষ্ট ৪৫% স্থায়ী আমানত।

২০১০ সালের ৩১/১২/২০১০ তারিখস্থিত আমানতের শ্রেণীবিন্যাস নিম্নরূপ :

ক্রমিক নং	বিবরণ	আমানতের অংক (কোটি টাকায়)	মোট আমানতে শেয়ার (%)
১।	চলতি এবং অন্যান্য আমানত হিসাব	১৩২.৭০	৪০.৭৮
২।	পরিশোধযোগ্য বিল	১.৯৭	০.৬০
৩।	সঞ্চয়ী ব্যাংক আমানত	৪৬.২৩	১৪.২১
৪।	স্থায়ী / মেয়াদী আমানত	১৪৪.৫০	৪৪.৪১
	<b>মোট :</b>	<b>৩২৫.৪০</b>	<b>১০০.০০</b>

## ১০। ঋণ ও অগ্রিম

ব্যাংক যাতে দ্রুততা, দক্ষতা এবং দৃঢ়ভাবে গ্রাহকদেরকে সেবা দিতে পারে, সে জন্য একটি লেডিং পলিসি ও প্রসিডিউরস প্রণয়ন করা হয়েছে। ২০০৯ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিমের স্থিতি ছিল ১০২৭ কোটি টাকা, যা ৪% হ্রাস পেয়ে ২০১০ সালে দাঁড়িয়েছে ৯৯০.৬০ কোটি টাকা। ঋণ স্থিতি হ্রাসের বিভিন্ন কারণ রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে গ্যাস ও বিদ্যুতের স্বল্পতার কারণে বিনিয়োগকারীদের নতুন বিনিয়োগে আগ্রহ না থাকা এবং ব্যাংকের বিনিয়োগযোগ্য তহবিল স্বল্পতা।

## ১১। বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সংঘবদ্ধ এবং যৌথ ঋণ

বৃহৎ প্রকল্পের জন্য কয়েকটি আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সংঘবদ্ধ অথবা যৌথভাবে ঋণ প্রদান একটি গ্রহণযোগ্য অর্থায়ন পদ্ধতি। প্রতিষ্ঠান কর্তৃক সংঘবদ্ধ ঋণ প্রদানের মূল উদ্দেশ্য হচ্ছে ঋণ ঝুঁকি ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে বিভাজন করে এর ঝুঁকি হ্রাস করা। এ ধরনের অর্থায়নের ক্ষেত্রে নির্ধারিত গ্রহণযোগ্য শর্তে (ফ্যাসিলিটি এগ্রিমেন্ট) একই উদ্দেশ্যে, একই সময়ে কয়েকটি প্রতিষ্ঠান কর্তৃক একক প্রতিষ্ঠানে ঋণ দেয়া হয়। বিডিবিএল ১০.০০ কোটি টাকার উর্ধ্বের প্রকল্প ঋণের জন্য এ ধরনের অর্থায়নকে অগ্রাধিকার প্রদান করে। ব্যাংক কর্তৃক ইতোমধ্যে একটি স্পিনিং প্রকল্পে এই ধরনের ৬৫.১৯ কোটি টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে। বিডিবিএল এই ঋণের লীড ব্যাংক।

## ১২। এস এম ই অর্থায়ন

স্থানীয় বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে বাড়তি কর্মসংস্থানের চাহিদা পূরণ, নারীর ক্ষমতায়ন এবং আঞ্চলিক উন্নয়নের জন্য এসএমই ঋণের ভূমিকা অনস্বীকার্য। সরকার এবং বাংলাদেশ ব্যাংকের নীতি-নির্দেশনার সাথে সংগতি রেখে এস এম ই - কে বেগবান সেঙ্করে উন্নীত করা এই ব্যাংকের অগ্রাধিকার। ব্যাংক ইতোমধ্যে এ বিষয়ে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে, যার কিছু অংশ নিম্নরূপঃ

- ৩০.০০ লাখ টাকা পর্যন্ত এ খাতে ঋণ মঞ্জুর ও বিতরণের ক্ষমতা ব্রাঞ্চকে দেয়া হয়েছে ;
- ক্ষুদ্র এবং মাঝারী প্রকল্প স্থাপনের লক্ষ্যে অগ্রহী উদ্যোক্তাদের পরামর্শ প্রদানের জন্য ব্যাংকের প্রত্যেকটি ব্রাঞ্চে এস এম ই সেল গঠন করা হয়েছে ; এবং
- মহিলা উদ্যোক্তাদেরকে শিল্প স্থাপনে উৎসাহ দেয়ার লক্ষ্যে প্রত্যেক ব্রাঞ্চে "ডেডিকেটেড ডেস্ক" খোলা হয়েছে।

## ১৩। রিটেল ব্যাংকিং

রিটেল ব্যাংকিং -এর আওতাধীন "কনজিউমার্স ক্রেডিট" ও "পারসোনাল লোন" নামে ব্যাংক ২০১০ সালে দুটি স্কীম চালু করেছে। এ পর্যন্ত ইতিবাচক সাড়া পাওয়া গিয়েছে।

## ১৪। গ্রীণ ব্যাংকিং

পরিবেশ বান্ধব প্রকল্প যা পরিবেশ দূষণ হ্রাস করে এ সব প্রকল্প যথা, নবায়নযোগ্য শক্তি, শিল্প বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এবং এ ধরনের অন্যান্য প্রকল্প অর্থায়নে ব্যাংক অগ্রাধিকার দিচ্ছে। সৌর শক্তি, বায়োগ্যাস, বায়ু প্রবাহ ভিত্তিক শক্তি উৎপাদন প্রকল্প এবং আধুনিক পরিবেশ বান্ধব প্রযুক্তি নির্ভর স্বয়ংক্রিয় ইট প্রস্তুত প্রকল্পকে ব্যাংক প্রাধান্য দিচ্ছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী এ ধরনের প্রকল্প চিহ্নিত করা এবং সহায়তা দেয়ার জন্য বিডিবিএল "অভ্যন্তরীণ পরিবেশ ব্যবস্থাপনা" প্রচলন করেছে।

## ১৫। পুঁজি বাজার কার্যক্রম

বিডিবিএল ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ-এর সক্রিয় সদস্য। ২০১০ সালে ব্যাংক প্রাইমারী এবং সেকেন্ডারী মার্কেট থেকে ৮৪টি কোম্পানীর শেয়ার ক্রয়ের মাধ্যমে ৪৪.৭৫ কোটি টাকা বিনিয়োগ করেছে। এ সময়ে বিডিবিএল সেকেন্ডারী মার্কেটে ১৭৩টি তালিকাভুক্ত কোম্পানীর ১০০.২০ কোটি টাকার শেয়ার বিক্রি করেছে। ২০১০ সালে এ বিনিয়োগ থেকে মূলধনী লাভ বাবদ ৬৭.৫৩ কোটি টাকা এবং লভ্যাংশ বাবদ ১৪.৭৩ কোটি টাকা অর্জন করেছে। ব্যাংক বিডিবিএল সিকিউরিটিজ লিঃ নামে একটি সাবসিডিয়ারী কোম্পানী গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে, যা ব্যাংকের ডিএসই ও সিএসই -এর সদস্যপদ অধিগ্রহণপূর্বক উক্ত ব্যবসা পরিচালনা করবে। ২০১১ -এর মাঝামাঝি সময়ে উক্ত কোম্পানী চালু হবে মর্মে প্রত্যাশা করা হচ্ছে।

## ১৬। ব্রোকারেজ হাউস

পুঁজি বাজার কার্যক্রম পরিচালনায় ব্রোকারেজ হাউজ মূল ভূমিকা পালন করে থাকে। বিডিবিএল দু'টি ব্রোকারেজ হাউজ পরিচালনা করছে, যার একটি মতিঝিলে এবং অন্যটি কারওয়ান বাজারে অবস্থিত। হাউস দু'টি ক্ষুদ্র এবং মাঝারী বিনিয়োগকারীদের সেবা প্রদান করে আসছে। ৩১ ডিসেম্বর, ২০১০ তারিখ পর্যন্ত হাউস দুটিতে ৫৩৬৯ সংখ্যক বেনেফিসিয়ারী ওনার্স (বিও) হিসাব রয়েছে। ব্রোকারেজ হাউজ পরিচালনা করাও ব্যাংকের আয়ের একটি উৎস।

## ১৭। ঋণ ও অগ্রিম আদায়

ব্যাংক ২০১০ সালে পোর্টফলিও বিনিয়োগ থেকে ১৬৩.০৮ কোটি টাকা ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে, যার মধ্যে শ্রেণীকৃত ঋণ ২৬.২৮ কোটি টাকা এবং অবলোপনকৃত প্রকল্প থেকে ৪০.০০ কোটি টাকা ঋণ অন্তর্ভুক্ত। এ লক্ষ্যমাত্রার বিপরীতে ব্যাংক মোট ১৭০.৫২ কোটি টাকা আদায় করেছে।

## ১৮। শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ

ভূতপূর্ব বিএসবি ও বিএসআরএস থেকে প্রাপ্ত বড় অংকের শ্রেণীকৃত ও অবলোপনকৃত ঋণ বিডিবিএল-এর জন্য একটি বিশাল দায়। শ্রেণীকৃত ঋণ হ্রাস এবং অবলোপনকৃত ঋণাংক থেকে ঋণ আদায় বৃদ্ধির জন্য পরিচালনা পর্ষদ এবং ব্যাংকের শীর্ষ ব্যবস্থাপনা কর্তৃক চাপ প্রয়োগ এবং সতর্কতা অবলম্বনের মাধ্যমে ২০১০ সালব্যাপী সক্রিয় প্রচেষ্টা অব্যাহত রাখা হয়। দুর্ভাগ্যবশতঃ এ জাতীয় প্রচেষ্টাও প্রত্যাশিত ফলাফল বয়ে আনতে পারেনি। বরং শ্রেণীকৃত ঋণের হার ৩৪.২৪% থেকে ৩৮.৫০% বৃদ্ধি পেয়েছে। যা হোক, এর একটি কারণ হচ্ছে ২০১০ সালে নতুন প্রকল্পে ন্যূনতম অর্থ বিনিয়োগের ফলে পোর্টফলিও পূর্বের চেয়ে হ্রাস পায়, যার কারণ ইতিপূর্বেও ব্যাখ্যা করা হয়েছে। ২০১০ সাল শেষে অবলোপনকৃত ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ২৩৮৭ কোটি টাকা যা ২০০৯ সালের শেষে ছিল ২৪৫১ কোটি টাকা।

## ১৯। পরিচালক ঋণ

২০১০ সালে ব্যাংকের পরিচালকদের অনুকূলে কোন ঋণ অনুমোদন করা হয়নি।

## ২০। ব্যাংকের কোর রিস্ক ব্যবস্থাপনা

ব্যাংক ২০১০ সালব্যাপী নিম্নবর্ণিত ৬টি কোর রিস্ক ব্যবস্থাপনার জন্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালন করেছেঃ

- ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট
- এ্যাসেট লাইবিলিটি রিস্ক ম্যানেজমেন্ট
- ফরেন এক্সচেঞ্জ রিস্ক ম্যানেজমেন্ট
- মানি লভারিং রিস্ক ম্যানেজমেন্ট
- ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লায়েন্স রিস্ক ম্যানেজমেন্ট
- ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি রিস্ক ম্যানেজমেন্ট

## ২১। ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি রিস্ক

গ্রাহকদের ক্রমবর্ধমান উন্নততর সেবার চাহিদার সাথে সংগতি রেখে বিশ্বব্যাপী ব্যাংক ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আই সি টি) -এর আওতায় সব ধরনের সেবা-সুবিধা প্রচলন করে আসছে। অন-লাইন ব্যাংকিং সারা বিশ্বে এখন ব্যাংক পরিচালনার মূল চালিকাশক্তি হয়ে দাঁড়িয়েছে। এদিক দিয়ে বাংলাদেশ পিছনে রয়েছে। কিন্তু সাম্প্রতিক সময়ে বাংলাদেশে অবস্থিত বিদেশী ব্যাংকগুলোর সেবা অনুসরণ করে দেশের প্রাইভেট ব্যাংকগুলো অন-লাইন ব্যাংকিং ব্যবস্থা প্রচলন করে গ্রাহকদের কাঙ্ক্ষিত সেবা দিচ্ছে এবং এর ফলে গ্রাহক এবং ব্যাংকের সর্বোত্তম স্বার্থ সংরক্ষিত হচ্ছে। আই সি টি -এর গুরুত্ব অনুধাবন করে সদ্য গঠিত ব্যাংকের বর্তমান এবং ভবিষ্যৎ কর্ম পরিচালনায় ব্যাংক ব্যাপক ভিত্তিক অন-লাইন ব্যাংকিং চালু করতে যাচ্ছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী এ সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে বেশ কিছু পদক্ষেপ নেয়া হয়েছে এবং কিছু পদক্ষেপ প্রক্রিয়াধীন রয়েছে, যার বিবরণ নিম্নরূপ :

- ব্যাংকের হেড অফিসের বিভিন্ন ডিপার্টমেন্ট, জোনাল অফিস ও ব্রাঞ্চ অফিসের মধ্যে দ্রুত তথ্য বিনিময়ের লক্ষ্যে লোকাল এরিয়া নেটওয়ার্ক (এলএএন) এবং ওয়াইড এরিয়া নেটওয়ার্ক (ডব্লিউএএন) সেবা চালুর বিষয় ত্বরান্বিত করা হয়েছে;
- বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম-এ অংশ গ্রহণের লক্ষ্যে ব্যাংক বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ-এ যোগ দিয়েছে। ব্যাংক ইতোমধ্যে গ্রাহকদেরকে ম্যাগনেটিক ইংক ক্যারেকটার রিকগনিশন (এম আই সি আর) চেক সরবরাহ করেছে। বর্তমানে এই ব্যবস্থা ঢাকা, সিলেট ও চট্টগ্রাম জোনে চালু রয়েছে, যা অচিরেই অন্যান্য জোনে বিস্তৃত করা হবে ;
- কোর ব্যাংকিং সলিউশন (সিবিএস) এবং ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার পদ্ধতি স্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে ;
- ব্যাংক নিজস্ব ওয়েব সাইট খুলেছে এবং তা চালু রয়েছে ;
- প্রকল্পের অন-লাইন সিআইবি সংগ্রহ কার্যক্রম পরীক্ষামূলকভাবে চালু আছে ;
- ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এর নির্দেশনা অনুযায়ী ব্রোকারেজ হাউজ কার্যক্রম আধুনিকায়ন করা হচ্ছে; এবং
- ২৫জন আই টি অফিসার নিয়োগের বিষয় প্রক্রিয়াধীন আছে, যা চূড়ান্ত হলে আইটি সম্পর্কিত কার্যক্রম আরো ব্যাপকভাবে জোরদার হবে।

## ২২। সিটিজেন চার্টার

গ্রাহকদেরকে ব্যাংকের বিভিন্ন ডিভিশন, ডিপার্টমেন্ট, জোন ও ব্রাঞ্চের কার্যক্রম সম্পর্কিত তথ্য জানানোর লক্ষ্যে ব্যাংক কর্তৃক সিটিজেন চার্টার নামীয় পুস্তক প্রকাশ করা হয়েছে। উক্ত সিটিজেন চার্টার ব্যাংকের ওয়েব সাইটে প্রদানসহ ব্যাংকের প্রধান কার্যালয়, জোন ও ব্রাঞ্চের বিভিন্ন দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়েছে।

## ২৩। সামাজিক দায়-দায়িত্ব (সি এস আর)

সামাজিক দায়-দায়িত্ব পালনে নৈতিক মূল্যবোধ এবং ট্রিপল বটম লাইন এপ্রোচ যথা :- মানবজাতি, পৃথিবী এবং মুনাফা এসবের সমন্বয়ে ব্যাংক সামাজিক দায়-দায়িত্ব পালন করছে। এই সামাজিক দায়-দায়িত্ব পালনের বিষয়টি বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে ব্যাংকের কর্মী, গ্রাহক, সমাজের সুবিধা বঞ্চিত শ্রেণী, শেয়ার হোল্ডার, সরবরাহকারী এবং বিভিন্ন সম্প্রদায় / সমাজকে ঘিরে পরিচালিত হচ্ছে। ব্যাংক এ খাতের জন্য ২০১০ সালে ২০.০০ লাখ টাকা বরাদ্দ রেখেছিল। কিন্তু দুর্ভাগ্যবশতঃ তা ব্যয় হয়নি।

## ২৪। মূলধন পর্যাণ্ডতা অনুপাত (ক্যাপিটাল এ্যাডেকুয়েসি রেশিও)

ব্যাংক II এর আলোকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত মূলধন পর্যাণ্ডতা সংরক্ষনের পরিমাণ মোট ঝুঁকি ভারিত সম্পদের ন্যূনতম ৯%-এর বিপরীতে ৩১শে ডিসেম্বর, ২০১০ তারিখে ব্যাংকের মূলধনের পর্যাণ্ডতা অনুপাত দাঁড়ায় ২৮.০৮% (কোর ক্যাপিটাল ১৫.৯৩% এবং সাপ্লিমেন্টারী ক্যাপিটাল ১২.১৫%), যা ব্যাংকের শক্তিশালী মূলধন ভিত্তি নির্দেশ করে।

## ২৫। মোট পরিসম্পদ

২০০৯ সালে ব্যাংকের মোট পরিসম্পদের পরিমাণ ছিল ১৬৭৮.১৭ কোটি টাকা। ২০১০ সালে ৬৪% বৃদ্ধি পেয়ে বছর শেষে ব্যাংকের মোট পরিসম্পদের পরিমাণ ২৭৫১.৮৮ কোটি টাকায় উন্নীত হয়েছে। মূলতঃ নগদ ও ব্যাংক ব্যালেন্স বৃদ্ধি এবং সম্পদ পুনঃমূল্যায়নের কারণে মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ব্যাংক পরিচালনা পর্ষদ ব্যাংকের ঢাকার মিরপুর ও উত্তরা এবং চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীর স্থাবর সম্পত্তি পেশাদার পরামর্শকের সহায়তায় উন্নয়নের সিদ্ধান্ত নিয়েছে, যা ব্যাংকের স্থায়ী পরিসম্পদকে আরও বৃদ্ধি করবে।

## ২৬। বিনিয়োগ

২০১০ সালে বিডিবিএল-এর বিনিয়োগ ৯.৪৭ কোটি টাকা বৃদ্ধি পেয়ে ৩১শে ডিসেম্বর, ২০১০ তারিখে ২৫৮.৮৪ কোটি টাকায় উন্নীত হয়েছে। ব্যাংক প্রধানতঃ সরকারী সিকিউরিটিজ, শেয়ার, ডিবেঞ্চর এবং বন্ডে বিনিয়োগ করেছে।

## ২৭। দায়সমূহ

২০১০ সালের শেষে ব্যাংকের দায় (পরিশোধিত মূলধন / শেয়ার হোল্ডারদের সমমূলধন বাদে) দাঁড়িয়েছে ১১৮৮.১৫ কোটি টাকা, যা ২০০৯ সালের দায় থেকে ১৫৩.৮৫ কোটি টাকা বেশী। আমানত বৃদ্ধি, আয়করের জন্য বেশী পরিমাণ অর্থ সংরক্ষণ, পেনশন ফান্ডে বেশী পরিমাণ চাঁদা প্রদান এবং অন্যান্য কারণে মূলতঃ দায় বেড়েছে।

## ২৮। শেয়ার হোল্ডারস ফান্ড

২০১০ সালে ব্যাংকের শেয়ার হোল্ডারদের সমন্বিত মূলধন (ইকুইটি) দাঁড়িয়েছে ১৫৬৩.৭২ কোটি টাকা, যার বিভাজন নিম্নরূপঃ-

	(কোটি টাকায়)
পরিশোধিত মূলধন	৪০০.০০
প্রায় সমমূলধন	১৩.৪৭
বিধিবদ্ধ রিজার্ভ	১০৪.৫৭
সাধারণ রিজার্ভ	৯৫.০০
পুনর্মূল্যায়ন রিজার্ভ	৮৬০.৪২
অন্যান্য রিজার্ভ	৮৬.৫৯
রিটেইন্ড আর্নিংস	৩.৬৭
<b>মোট :</b>	<b>১৫৬৩.৭২</b>

## ২৯। ঋণ শ্রেণীকরণ এবং শ্রেণীকৃত ঋণের বিপরীতে সঞ্চিতি সংরক্ষণ

বাংলাদেশ ব্যাংক প্রদত্ত নীতি অনুযায়ী ঋণের গুণগত ও পরিমাণগত অবস্থা, আদায়ের হার, ঋণ আদায়ের ক্ষেত্রে সম্ভাব্য ঝুঁকির ভিত্তিতে ঋণ শ্রেণীকরণ করা হয়েছে। ব্যাংকের শেয়ারহোল্ডার এবং আমানতকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য একটি নির্দিষ্ট তারিখে ঋণের বিপরীতে সঞ্চিতি সংরক্ষণ করতে হয়। সে অনুযায়ী ২০১০ সালে ঋণ ও অগ্রিমের বিপরীতে ব্যাংকের প্রয়োজনীয় সঞ্চিতি সংরক্ষণের পরিমাণ দাঁড়িয়েছে ১৪০.৫১ কোটি টাকা। কিন্তু ব্যাংক সংরক্ষণ করেছে ১৬৮.৬০ কোটি টাকা, যা প্রয়োজনের চেয়ে ২৮.০৯ কোটি টাকা বেশী। এছাড়া, ব্যাংক ব্যবস্থাপনা নগদ আদায় ও ঋণ হিসাব পুনঃতফসিলীকরণ ব্যবস্থার মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাস করার জন্য নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

### ৩০। নিরীক্ষক নিয়োগ

আর্টিকেলস্ অব এসোসিয়েশনের ১৫৭ ধারা অনুযায়ী কোম্পানী (ব্যাংক) প্রত্যেক সাধারণ সভায় এক বা একাধিক নিরীক্ষক (চাটার্ড একাউন্ট্যান্ট/একাউন্ট্যান্ট) নিয়োগ দিবে, যারা পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত নিয়োজিত থাকবেন। মেসার্স একনাবিন এবং হোদা ভাষী চৌধুরী এন্ড কোং চাটার্ড একাউন্ট্যান্ট ফার্মদ্বয় ব্যাংকের প্রথম বছরের হিসাব নিরীক্ষা করেছে এবং প্রথম বৎসরের বার্ষিক সাধারণ সভা শেষে ফার্মদ্বয়ের মেয়াদ শেষ হবে। নিয়োগ প্রাপ্তির জন্য যোগ্য হিসেবে পুনঃনিয়োগের জন্য তাঁরা নিজেদের প্রস্তাব পেশ করতে পারবে।

### ৩১। পরিচালন মুনাফা

ভূতপূর্ব বাংলাদেশ শিল্প ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের পেনশন তহবিলে পূর্বের দায় হিসাবে ২৫.০০ কোটি টাকা সংস্থাপন করার পর বিডিবিএল ২০১০ সালে ৮২.৪৮ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জন করেছে। যদি এই অংকের টাকা সংস্থান করা না হতো, তাহলে ব্যাংকের পরিচালন মুনাফা দাঁড়াত ১০৭.৪৮ কোটি টাকা। উল্লেখ্য যে, বিএসবি এবং বিএসআরএস সম্মিলিতভাবে কোন বছরই এ পরিমাণ টাকা পরিচালন মুনাফা অর্জন করতে পারেনি।

### ৩২। লভ্যাংশ

২০১০ সালের প্রস্তাবিত মুনাফা বিভাজনের আলোকে ব্যাংকের আসন্ন বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত সাপেক্ষে ব্যাংক পর্ষদ লভ্যাংশ হিসাবে সরকারকে ৫.০০ কোটি টাকা প্রদানের অনুমোদন দিয়েছে। বিশেষভাবে উল্লেখ্য যে, সাবেক বিএসবি ও বিএসআরএস কর্তৃক কোন নির্দিষ্ট বছরে যে পরিমাণ লভ্যাংশ দেয়া হয়েছে, তার চেয়ে এই লভ্যাংশের পরিমাণ সর্বোচ্চ।

### ৩৩। ২০১১ -এর দৃশ্যপট (Outlook)

২০১১ সালে ব্যাংক নতুন ব্যবসায়িক কার্যক্রম বৃদ্ধি, বিশেষ করে ট্রেড ফিন্যান্স, আমদানী-রপ্তানী অর্থায়ন, বৈদেশিক অর্থ সংগ্রহ, রিটেল ব্যাংকিং, এসএমই ও কৃষিভিত্তিক খাতে অর্থায়নের মাধ্যমে ব্যাংকের প্রবৃদ্ধি সুসংহতকরণ ও সুনাম বৃদ্ধি অব্যাহত রাখবে। বৃহৎ ম্যানুফ্যাকচারী শিল্প, অবকাঠামো এবং জন উপযোগমূলক শিল্প প্রকল্পে যৌথ অর্থায়নে অগ্রাধিকার দিবে। সর্বশেষে, নন-পারফর্মিং লোন হ্রাস এবং অবলোপনকৃত ঋণ আদায় বৃদ্ধির বিষয়ে ব্যাংক প্রতিশ্রুতিবদ্ধ থাকবে।


দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে ব্যাংক “আমানত মিল্ল” উন্নয়নের মাধ্যমে মৌলিক গ্রাহক আমানত বৃদ্ধির দিকে দৃষ্টি রাখবে। ব্যাংক সেবা প্রদানের মান বৃদ্ধির লক্ষ্যে স্বয়ংক্রিয় ব্যবস্থা পরিচালনা ও অনুশীলন ইচ্ছা বর্ধনের মাধ্যমে ব্যয় সাশ্রয় এবং কর্মকর্তা-কর্মচারীদের ব্যাপক উৎপাদনশীলতা বৃদ্ধির নীতি অনুসরণ করবে।

টেকসই দীর্ঘমেয়াদী প্রবৃদ্ধি ও লাভজনকতা বজায় রাখা এবং শেয়ার হোল্ডারদের সুযোগ-সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংক প্রাতিষ্ঠানিক সুশাসন, নিরাপদ ঝুঁকি ব্যবস্থাপনা ও দূরদর্শী ঋণ নীতি অনুসরণ করবে। ব্যাংক ২০১১ সালে দৃঢ়তার সাথে আরো বেশী সফলতা অর্জনের মাধ্যমে শেয়ার হোল্ডারদের মূল্যমান বৃদ্ধির নিরলস প্রচেষ্টা অব্যাহত রাখবে।

## ৩৪। কৃতজ্ঞতা স্বীকার

ব্যাংকের সম্মানিত গ্রাহক, উদ্যোক্তা এবং ব্যাংকের কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট সকলকে তাঁদের সার্বিক সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা প্রদানের জন্য পরিচালনা পর্ষদ আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে। ব্যাংকের সিনিয়র ম্যানেজমেন্ট টীম, সকল নির্বাহী এবং কর্মীদের নিরলস সেবা পর্ষদ প্রশংসার সাথে স্মরণ করছে।

বিশেষ করে, বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সদয় নির্দেশনা ও সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের জন্য পর্ষদ কৃতজ্ঞচিত্তে তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করছে। ব্যাংক কার্যক্রম শুরু প্রথম বছরে ব্যাংককে মূল্যবান সহযোগিতা ও সহায়তার মাধ্যমে ব্যাংক কর্তৃক নতুন নতুন ব্যবস্থা গ্রহণ ও উদ্যোগ নেয়ার জন্য সমর্থন দেয়ায় সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে। সবশেষে, পর্ষদ ব্যাংকের সম্মানিত শেয়ার হোল্ডারগণকে (যারা বর্তমানে সরকারের প্রতিনিধি) সশ্রদ্ধ ধন্যবাদ জানাচ্ছে এবং ব্যাংককে একটি আধুনিক, গতিশীল, অগ্রসরমান আর্থিক প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠিত করার প্রতিশ্রুতির আশ্বাস দিচ্ছে।



পরিচালক মন্ডলীর পক্ষে  
নাজেম আহমদ চৌধুরী  
চেয়ারম্যান

## CREDIT RATING REPORT

In compliance with the circular of Bangladesh Bank, Bangladesh Development Bank Ltd. appointed Credit Rating Information & Services Limited (CRISL) to evaluate the Credit Rating of the Bank.

The Credit Rating of the Bank for the year 2010 was as follows:-


Long Term	Short Term	Outlook	Date of Rating
A+	ST-2	Stable	July 21, 2011

- A+ indicates Adequate Safety. Banks rated in this category are adjudged to offer adequate safety for timely repayment of financial obligations.
- ST-2 indicates High Grade, Short term rating indicates high certainty of timely repayment. Liquidity factors are strong and supported by good fundamental protection factors.

The CRISL has considered the following quantitative and qualitative factors of the Bank for rating purpose:-

A. Quantitative Factors:	B. Qualitative Factors:
i) Capital Adequacy	i) Ownership
ii) Assets Quality	ii) Management Quality
iii) Funding & Leverage	iii) Risk Management
iv) Liquidity & Requirements	iv) Compliance with the Statutory Reserve
v) Earning Quality	v) Accounting Quality
vi) Market Sensitivity	vi) Area and Size of Market
	vii) Govt. Support

## Managing Director's Message



I am deeply honoured and pleased to assume the responsibility as Managing Director to navigate the bank in the right direction during my term.

When Bangladesh Development Bank Ltd was formed, the Global Economy was passing through a financial crisis originating from the Banking Industry and ultimately leading to economic recession. During 2010, the world economy continued to show healthy signs of recovery on two-track pace, with generally high robust output growth in emerging and developing economies and lower, rather jittery growth in many of the mature developed western economies. However, just when things were looking up, huge deficit and debt burdens in Greece, Portugal, Spain and Ireland plunged the Euro Zone into the worst debt

crisis. The slowdown is expected to continue in 2011 and 2012 and pose risks for the world economic stability.

Despite the global economic meltdown during the last two years, the economy of Bangladesh continued to demonstrate considerable resilience during 2010.

Bangladesh Development Bank Ltd., a new bank created by merger of former Bangladesh Shilpa Bank (BSB) and Bangladesh Shilpa Rin Sangstha (BSRS), has just completed one year of operation. Though, it is new in name but it has a long origin since 1972 as pioneer partners in industrial financing. Bangladesh Development Bank Ltd. (BDBL) has now been mandated by the Government to run its original function i, e industrial financing and all sorts of commercial banking activities along with Foreign Exchange Business and Capital Market Operations.

The year 2010 was eventful for BDBL, as it had to spend most of its time in consolidation works of reform programmes through formulation of various policies, rules, regulations including many steps and measures. As a part of overall financial system, it faced a number of challenges in 2010, which included inter alia (i) liquidity shortage (ii) increasing pressure in interest spread (iii) huge amount of classified and written off loan and (iv) implementing Basel II Accords, (V) controlling NPA and rollback impaired assets, etc.

Despite such challenges, it attained some remarkable achievements in 2010. Mentionable of those were :

- The total asset of the bank was Tk. 1678.17 crore at the time of its embarkment. In 2010, it rose to Tk. 2751.88 crore, showing a rise of Tk. 1073.71 crore (along with Tk. 860.41 crore as revaluation of assets) over the previous year.
- The customer's deposit was about Tk. 143.00 crore which increased to Tk. 325.40 crore in 2010, registering an increase of 127%.
- The total loan amount recovered in 2010 was Tk. 170.52 crore, which was 104.65% of the annual target.
- The written off loan declined from Tk. 2451.00 crore to Tk. 2387.00 crore due to recovery of the said loan.
- The bank earned an operating profit of Tk. 82.48 crore in 2010 which was the highest ever than former BSB and BSRS earned altogether.


- The Bank had no current loan liability with Bangladesh Bank and the Government due to payment of the dues in time.
- As per Basel-II, the bank had maintained adequate capital to mitigate its risk and thereby left a surplus capital of Tk. 663.25 crore.
- The Bank had kept sufficient loan provision as per instruction of BRPD circulars of the Central Bank and left surplus provision.
- The Bank had been rated A+ for Long Term Loan and ST-2 for Short Term Loan by the Credit Rating Agency, CRISL.

### **Corporate Plan for 2011**

After carefully reviewing and evaluating the success and limitations of 2010, the Bank has chalked out the following priorities for 2011 in consultation with the Management Committee and the Board of Directors of the Bank.

- Reduce the rate of classified loan to 25% through sanctioning of good quality loan and recovering of the said loan.
- Mobilize investable fund from various sources.
- Provide term and working capital loan to projects attaching due importance to SME and environment friendly projects.
- Enhance business activities through increasing Branch Networking of the Bank.
- Retain Bank-Client relationship and serve them with professional excellence and innovative ideas.
- Remodel the retail banking business in line with customer's financial needs.
- Explore and grow Foreign Exchange & International Trade/business.
- Enhance professional excellence and skill of the employees through imparting need-based training.
- Improve consistently IT backbone of the bank complying with the instructions of the Central Bank in order to provide customer with technology driven services.
- Separate and establish another subsidiary company to perform capital market operation to focus more in the core banking business.
- Manage credit risk through diversification of credit concentration.
- Manage expenses efficiently in order to reduce the cost- to- income ratio to the average level.
- Engage in CSR activities basing on the "Triple Bottom Line Approach: People, Planet and the Profit."

We are confident that Bangladesh Development Bank Limited will be able to attain its goals through well- defined strategy and targets by a dedicated line of human resources who work with a special care, concern and consciousness.



Md. Mizanur Rahman  
Managing Director

## ORGANIZATIONAL NETWORK

(At the Year - End of 2010)

### Head Office

Bangladesh Development Bank Ltd.  
8, Rajuk Avenue, Dhaka-1000  
P.O. Box : 975  
PABX : 9555151-59, 9560014-15  
Fax : 88-02-9562061, 9557622  
Website : www.bdbl.com.bd

### ZONAL OFFICE

#### 1. Dhaka

BDBL Bhaban  
12, Karwan Bazar  
Dhaka  
Telephone : 9144177

#### 2. Chittagong

106, Agrabad Commercial Area,  
Chittagong  
Telephone : 710411, 2520819,  
711022

#### 3. Rajshahi

219, Kumarpara, Boalia  
Rajshahi  
Telephone : 772689, 774701

#### 4. Khulna

25 – 26, KDA Commercial Area  
Upper Jessore Road, Khulna  
Telephone : 720263, 720262

### BRANCH OFFICE

#### 1. Principal Branch

BDBL Bhaban  
8, Rajuk Avenue, Dhaka  
Telephone : 9558326,  
9560012  
Fax : 88 - 02 -9562061

#### 2. Motijheel

49, Motijheel C/A  
(Ground Floor), Dhaka  
Telephone : 9560619

#### 3. Karwan Bazar

BDBL Bhaban  
12, Karwan Bazar, Dhaka  
Telephone : 9146328

#### 4. Chittagong

106, Agrabad Commercial  
Area, Chittagong  
Telephone : 724162,  
716178,  
2521202

#### 5. Noakhali

434, Dakkhin Bazar  
Choumuhuni, Noakhali  
Telephone : 52306

#### 6. Comilla

Samabay Bank Bhaban  
Kandirpar, Comilla  
Telephone : 76191

## 7. Sylhet

1375, Kha Syeed Complex  
(1<sup>st</sup> floor )  
Ambar Khana, Sylhet  
Telephone : 716627

## 8. Rajshahi

219, Kumarpara  
Rajshahi  
Telephone : 775820,  
772337

## 9. Bogra

Al - Amin Complex Bhaban  
(1<sup>st</sup> Floor)  
Nowabbari Road, Bogra  
Telephone : 66154

## 10. Pabna

Bhai Bhai Super Market  
(1<sup>st</sup> floor)  
Abdul Hamid Road, Pabna  
Telephone : 66160

## 11. Rangpur

Sharif Building  
Station Road, Rangpur  
Telephone : 62487

## 12. Dinajpur

Adhunik Abedin Complex  
(1st floor)  
Gonesh Tola, Dinajpur  
Telephone : 63972

## 15. Jhenidah

18, Maowlana Bhashani Road  
Jhenidah  
Telephone : 62464

## 14. Barisal

Dr. Sobhan Complex (1st  
floor)  
130 / C, Sadar Road ( 1st  
floor), Barisal  
Telephone : 64456

## 13. Khulna


25 – 26, KDA Commercial  
Area  
Upper Jessore Road,  
Khulna  
Telephone : 720262,  
720263

## 6. Mymensingh

1 6, Shama Charan Roy  
Road,  
Mymensingh  
Telephone : 65825, 65124

## 17. Faridpur

Chamber Building, Mujib  
Sarak, Niltoly, Faridpur  
Telephone : 63267



# INSTITUTIONAL STRUCTURE

## (At the year -End of 2010)

